গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
www.dgfood.gov.bd

## খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুযায়ী ডিলার নিয়োগ আদেশ

খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুযায়ী নবীনগর পৌরসভায় ৬টি বিক্রয়কেন্দ্রের প্রত্যেকটি কেন্দ্রে ০১ জন করে মোট ৬ (ছয়) জন ওএমএস ডিলার নিয়োগের নিমিত্তে বিজ্ঞপ্তি জারি করা হয়। তদপ্রেক্ষিতে নবীনগর উপজেলা ওএমএস কমিটির ২৮ জুন ২০২৫ খ্রি. তারিখের ১৩.০১.১২১৩.০০২.৩২.০০২.২৫.২৭৫ নং স্মারকে সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী এবং খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর ১০ এর (ঙ) নং অনুচ্ছেদ ও সংশ্লিষ্ট পরিপত্রের বিধিবলে এবং নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বর্ণিত ছকে উল্লিখিত ব্যক্তিবর্গকে নবীনগর পৌরসভার ৬টি বিক্রয়কেন্দ্রে ওএমএস ডিলার হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্র: নং | পৌরসভার নাম | বিক্রয় কেন্দ্রের নাম | নিয়োগকৃত ডিলারদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | নবীনগর | আলমনগর বাজার | নূরুল আমীন<br>পিতাঃ আবদুল আজিজ<br>গ্রামঃ আলমনগর, ডাকঘরঃ নবীনগর<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>০১৮১৮৫৮১১৫৯ | মে/ নূরুল আমীন এন্টারপ্রাইজ<br>আলমনগর বাজার<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০২ | | পশ্চিম পাড়া বাজার | মো: নাজমুল হক<br>পিতাঃ শহীদুল হক<br>গ্রামঃ নবীনগর পশ্চিম পাড়া, ডাকঘরঃনবীনগর<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>০১৮১৯৬৮১০৭৪ | মে/ তিতাস এন্টারপ্রাইজ<br>পশ্চিম পাড়া বাজার<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৩ | | সাক্কু মার্কেট<br>(উ: পাড়া) | রাব্বি<br>পিতাঃ আবুল কালাম<br>গ্রামঃ খাজানগর, ডাকঘরঃনবীনগর<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>০১৭২৫৬০৫৫০১ | মে/ মিহাদুল হক ট্রেডার্স<br>সাক্কু মার্কেট<br>(উ: পাড়া)<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৪ | | নবীনগর বড় বাজার | মো: সুমন আলম<br>পিতাঃ মোঃ শাহ আলম<br>গ্রাম+ডাকঘরঃ নবীনগর<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>০১৭১৯১৭১৭০৬ | মে/ সুমন ট্রেডার্স<br>নবীনগর বড় বাজার<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৫ | | আলীয়াবাদ বাজার | মোবারক হোসেন<br>পিতাঃ আব্দুল আউয়াল<br>গ্রামঃ মাঝিকাড়া, ডাকঘরঃ নবীনগর<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>০১৯২৯৪৭৫৬৫ | মে/ মোবারক এন্টারপ্রাইজ<br>আলীয়াবাদ<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৬ | | ভোলাচং নতুন বাজার | গোলাম মাওলা ভূইয়া<br>পিতাঃ আব্দুল আজিজ ভূইয়া<br>গ্রামঃ নবীপুর পশ্চিম পাড়া, ডাকঘরঃ ভোলাচং<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>০১৭২২০৪৯৩০২ | মে/ দায়েমী ট্রেডার্স<br>ভোলাচং নতুন বাজার<br>নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। |

**শর্তাবলী:**

১। নিয়োগকৃত ওএমএস ডিলারগণকে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুযায়ী উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে আগামী ১০/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে আবেদন করতে হবে।

২। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুযায়ী নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আগামী ১০/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে এবং অঙ্গীকারনামার কোন শর্ত/শর্তাবলী ভঙ্গ করলে বা দেশের প্রচলিত কোন আইন ভঙ্গ করলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়ার বরাবর ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য পে-অর্ডার আগামী ১০/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে দাখিল করতে হবে।

৪। এস. আর ও নং ২৬৫ -আইন/২০২৪ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত প্রত্যেক ওএমএস ডিলারকে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর সংশ্লিষ্ট শাখা হতে নির্ধারিত ফি দিয়ে ওএমএস ডিলারশিপ লাইসেন্স গ্রহণ করতে হবে।

৫। ওএমএস ডিলারের লাইসেন্সের মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর , লাইসেন্স প্রতি বছর ৩০শে জুনের মধ্যে নির্ধারিত ফি দিয়ে নবায়ন করতে হবে।

৬। ডিলারকে একসাথে কমপক্ষে ০৩ (তিন) মে. টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।

৭। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্টনিক ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে। পাশাপাশি, ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির খাদ্যশস্য/মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।

৮। ওএমএস ডিলারকে নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত বিক্রয়কেন্দ্রে আবশ্যিকভাবে খাদ্যশস্য বিক্রয় করতে হবে। উপজেলা ওএমএস কমিটির অনুমতি ছাড়া কোন অবস্থাতেই নির্ধারিত বিক্রয়কেন্দ্র ব্যতিত অন্য কোন স্থানে খাদ্যশস্য বিক্রয় করা যাবে না।

৯। ওএমএস ডিলার সর্বোচ্চ ২ (দুই) দিনের বিক্রয়যোগ্য খাদ্যশস্য একসঙ্গে উত্তোলন করতে পারবেন। বিক্রয় দিনের খাদ্যশস্যর মূল্য কমপক্ষে একদিন পূর্বে সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা দিয়ে সরকারি খাদ্য গুদাম হতে খাদ্যশস্যের মান যাচাই ও ওজন বুঝে নিয়ে খাদ্যশস্যে উত্তোলন করে বিক্রির জন্য তার নিজ দোকানে সংরক্ষণ করবেন।

১০। ওএমএস ডিলারকে খাদ্যশস্যে বিক্রয়ের দিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ পর্যন্ত দোকান খোলা রাখতে হবে।

১১। ওএমএস ডিলারকে বিক্রিত দিনের মাস্টারোল জমা দিয়ে চাহিদাপত্র সমন্বয় করে পরবর্তী দিনের খাদ্যশস্যে উত্তোলন করতে হবে।

১২। ওএমএস ডিলারকে বিক্রিয় ও মওজুদ খাদ্যশস্যের হিসাব যথাযথভাবে রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।

১৩। প্রথম পর্যায়ে বিক্রয়ের জন্য ডিলার নিজ খরচে বিক্রয় কেন্দ্রের আশেপাশে প্রয়োজনীয় প্রচার প্রচারণার (মাইকিং ও অন্যান্য) ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে।

১৪। ওএমএস ডিলার নির্ধারিত বিক্রয় কেন্দ্রে/দোকানের সামনে খাদ্য অধিদপ্তরের নির্দেশ অনুযায়ী প্যানাফ্লেক্স ব্যানার (৬ ফুট/৩ফুট) ঝুলাতে বাধ্য থাকবে এবং প্যানাফ্লেক্স (লাল রং) ব্যানারে খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত তথ্যাদি লিপিবদ্ধ (সাদা রং) থাকবে।

১৫। ওএমএস ডিলারশিপ হস্তান্তর যোগ্য নয়। নির্বাচিত ওএমএস ডিলারকে স্বশরীরে উপস্থিত থেকে ডিও গ্রহণ, পণ্য গ্রহণ, পরিবহন, সংরক্ষন ও বিক্রয় নিশ্চিত করতে হবে।

১৬। ওএমএস ডিলারকে "নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করব না" মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।

১৭। নির্বাচিত ডিলারগণ কর্তৃক আবেদনের সময় দাখিলকৃত কোন তথ্যে অসংগতি দেখা দিলে কিংবা কোন অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে উপজেলা ওএমএস কমিটি বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

১৮। ওএমএস নীতিমালা-২০২৪ ও অঙ্গীকারনামার কোন শর্ত লংঘন করলে বা দেশের প্রচলিত কোন আইন অমান্য করলে, তার ডিলারশিপ বাতিল করা যাবে এবং অঙ্গীকারনামার শর্ত মোতাবেক তার নিকট থেকে অর্থ আদায় করা যাবে। এছাড়া তার বিরুদ্ধে ফৌজদারী বা দেওয়ানী মামলা করা যাবে। এছাড়া ওএমএস নীতিমালা-২০২৪ এর ১৪ নং ধারার যে কোন শর্ত ভঙ্গ করলে তার ডিলারশিপ বাতিল করা যাবে।

১৯। নির্বাচিত ডিলারগণ ওএমএস নীতিমালা-২০২৪ এবং এ সংক্রান্ত পরিপত্র ও অফিস আদেশ এর অন্যান্য শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকবে এবং নিয়োগ সংক্রান্ত কোন জটিলতার বা পরবর্তীতে কোনরূপ জটিলতার উদ্ভব হলে অথবা ডিলার কোনরূপ শাস্তির আওতায় আসলে বা ডিলারশিপ বাতিল হলে আইনের আশ্রয় নিতে বা মামলা করতে পারবেন না এই মর্মে অঙ্গীকারনামা প্রদান সাপেক্ষে তাদেরকে ওএমএস ডিলার হিসাবে নিয়োগ প্রদান করা হলো।

২৬/০৬/২০২৫
তকবীর হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:)
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-১৩.০১.১২১৩.০০২.৩২.০০২.২৫.২৭৭ তারিখ: ২৯/০৬/২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, উপজেলা ওএমএস কমিটি, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। পৌর প্রশাসক, নবীনগর পৌরসভা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৫। উপজেলা কৃষি কর্মকর্তা, সদস্য, উপজেলা ওএমএস কমিটি, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদস্য, উপজেলা ওএমএস কমিটি, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৭। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সদস্য, উপজেলা ওএমএস কমিটি, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৮। পৌর নির্বাহী কর্মকর্তা, সদস্য, উপজেলা ওএমএস কমিটি, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নবীনগর এলএসডি, ব্রাহ্মণবাড়িয়া।
১০। ওএমএস ডিলার জনাব ......................................................., নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
১১। অফিস কপি।

২৯/০৬/২০২৫

তকবীর হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:)
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।